

**অভিযোগ প্রতিকার ব্যবস্থার (GRS) মাসিক প্রতিবেদন**  
**শিল্প মন্ত্রণালয়**

মাসের নাম: মে/২০২৩

মন্ত্রণালয়/দপ্তর/ সংস্থার নাম	বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা (৫ - ৬)	মন্তব্য (% সহ)
	পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে							
	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
শিল্প মন্ত্রণালয়	০১	০৩	০৪	১৪	১৮	০৫	পরিশিষ্ট-ক	১৩	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)	০১	-	০১	০১	০২	০২	পরিশিষ্ট-ক	-	-
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ ইম্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)	-	০১	০১	০২	০৩	-	-	০৩	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে।
বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)	-	-	-	০৩	০৩	-	-	০৩	ঐ
বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই)	০১	-	০১	-	০১	০১	পরিশিষ্ট-ক	-	-
বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)	-	-	-	-	-	-	-	-	-
বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)	-	-	-	-	-	-	-	-	-
ন্যাশনাল প্রডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)	-	-	-	-	-	-	-	-	-
পেটেন্ট ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডি)	-	-	-	০২	০২	-	-	০২	অনিষ্পন্ন অভিযোগ নিষ্পত্তির বিষয়ে কার্যক্রম চলমান আছে।
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়	-	-	-	-	-	-	-	-	-
ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)	-	-	-	-	-	-	-	-	-
<b>মোট</b>	<b>০৩</b>	<b>০৪</b>	<b>০৭</b>	<b>২২</b>	<b>২৯</b>	<b>০৮</b>	<b>-</b>	<b>২১</b>	

১। শিল্প মন্ত্রণালয়:

- (ক) ১ মে আন্তর্জাতিক শ্রমিক দিবসেও ফ্যাক্টরী চালু রেখে শ্রমিকদের দিয়ে কাজ করা বিষয়ে অনলাইনে Rafiul Hasan Bhuiyan এর নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মো: মহিদুর রহমান, যুগ্মসচিব (সমন্বয় ও আদালত) অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- (খ) শিক্ষা মন্ত্রণালয়ের কাছে আমার অভিযোগ হল একদিন আগে কিভাবে পরীক্ষার রুটিন পরিবর্তন করে এবং বিষয় ইংরেজী পরিক্ষা না দিয়ে নিচে বিজ্ঞান পরিক্ষা এরা কি গাজা খাইয়া শিক্ষকতা করে বিষয়ে অনলাইনে মো: জাহিদুল ইসলাম নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব, নীতি ও সংস্কার অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- (গ) আপনাদের ভুল গুলোর জন্য কেন আমাদের জীবন ধ্বংস হয় কেন আমরা সুইসাইড করতে যাই বিষয়ে অনলাইনে Masud নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব, নীতি ও সংস্কার অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর প্রেরণ করে অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে।
- (ঘ) মো: রাশেদুল ইসলাম, সহকারী নিয়ন্ত্রক হিসাব ও অর্থ বিভাগ ট্রেনিং ইনস্টিটিউট, উত্তরা, ঢাকা এর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার জন্য আবেদন বিষয়ে নুশরাত, পিতা: মো: আবু তালেব, গ্রাম: চরমালিয়া, পো: সোনা মদ্দিন বন্দর, মুলাদী, চট্টগ্রাম নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা তদন্তপূর্বক অভিযোগকারীকে সতর্কীকরণ নোটিশ প্রদানের জন্য চেয়ারম্যান, বিসিক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে এবং অভিযোগকারীকে অবহিত করে মন্ত্রণালয় পর্যায়ে অভিযোগটি নিষ্পত্তি করা হয়েছে।
- (ঙ) বিএসএফআইসি'র চেয়ারম্যানের বিরুদ্ধে অভিযোগ বিষয়ে আব্দুর রহমান মোল্লা, বিশেষ প্রতিনিধি, দৈনিক আমার বার্তা, বিজয় নগর নামক ব্যক্তির নিকট হতে একটি অভিযোগ এসেছে যা অভিযোগকারী সম্পূর্ণ উদ্দেশ্য প্রণোদিত হয়ে এবং ব্যক্তি স্বার্থ চরিতার্থ করার জন্য এই অভিযোগটি আনয়ন করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে মর্মে অভিযোগটি নথিজাতপূর্বক নিষ্পত্তি করা হয়েছে।

২। বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি):

- (ক) উর্ধ্বতন কর্মকর্তার সাথে অসদাচরণের অভিযোগে সংস্থাধীন সিইউএফএল এর সহকারী রসায়নবিদ জনাব মো: আব্দুল মালেক এর বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। অভিযুক্ত কর্মকর্তা জনাব দাখিল করেছেন। অভিযোগ নিষ্পত্তি'র লক্ষ্যে চেয়ারম্যান (গ্রেড-১), বিসিআইসি মহোদয় গত ১৮/০৫/২০২৩ তারিখ অভিযুক্তের ব্যক্তিগত শুনানী গ্রহণ করেন। শুনানী শেষে অভিযুক্তকে কঠোর সতর্ক করে অভিযোগ হতে অব্যাহতি প্রদান করে বিষয়টি নিষ্পত্তি করা হয়।
- (খ) ঠিকাদারী প্রতিষ্ঠান TAIBA SAIFULLAH (GL) কর্তৃক প্রধান কার্যালয়ের অর্থ বিভাগের দুজন কর্মকর্তা বিরুদ্ধে আনীত অনিয়মের অভিযোগ তদন্তে প্রমাণিত হয়নি।

৩। বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইন্সটিটিউট (বিএসটিআই):

- (ক) নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক ব্যক্তি চাঁদপুর কেমিক্যাল ওয়ার্কস, ডগাইর, ডেমরা, ঢাকা নামীয় প্রতিষ্ঠানের বিরুদ্ধে অবৈধ ও নিম্নমানের মশার কয়েল উৎপাদন ও বিক্রয়-বিতরণের অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে প্রতিষ্ঠানটি সরেজমিন পরিদর্শন অভিযোগের সত্যতা পাওয়া যায়। পরবর্তীতে প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে বিএসটিআই'র সিএম লাইসেন্স না থাকার অপরাধে ৩০,০০০.০০ টাকা জরিমানা এবং কারখানাটিকে সীলগালা করা হয়।